[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মফিজুর রহমান আর নেই

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের থানাপাড়া এলাকার বিশিষ্ট ব্যবসায়ী ও জোসনা বেকারির স্বত্বাধিকারী মো. মফিজুর রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার বিকেল ৪টা ৪৫ মিনিটের দিকে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদ্রোগে আক্রান্ত হয়ে তিনি মারা যান।

মো. মফিজুর রহমান ৩ নম্বর ওয়ার্ডের থানাপাড়া এলাকার মরহুম আতর আলীর দ্বিতীয় ছেলে। তিনি মো. মফিজুর রহমান শাহ মিলন মিলটনের বাবা।

মরহুমের জানাজার নামাজের সময় পরবর্তীতে জানানো হবে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

বীর মুক্তিযোদ্ধা চারুশিল্পী গোলাম মোস্তফা’র ইন্তেকাল, চোখসহ দেহ দান করলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী গ্রামের বীর মুক্তিযোদ্ধা ও চারুশিল্প গোলাম মোস্তফা ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রজিউন।

আজ শুক্রবার সকাল ৮টা ৪০ মিনিটে ঢাকার আনোয়ার খান মডার্ন হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

গোলাম মোস্তফার ইন্তেকালের বিষয়টি নিশ্চিত করেছেন তাঁর ভাতিজা তামজিদুর রহমান মুক্তি। মৃত্যুর আগ মুহুর্তে আয়ু পেয়েছিলেন ৮২

বছর। দুই কন্যা শুভ্রা ও প্রভা এবং স্ত্রী মেহেরন নেছাসহ অনেক শুভাকাঙ্ক্ষী রেখে গেলেন।

তামজিদুর রহমান মুক্তি জানিয়েছেন, জীবদ্দশাতেই তিনি মানবতার প্রতি অনন্য দায়বদ্ধতার পরিচয় দিয়ে নিজের চোখসহ দেহ ঢাকা মেডিকেল শিক্ষার উদ্দেশ্যে দান করে গেছেন। জীবনভর শিল্পে, মুক্তিযুদ্ধের চেতনায় এবং মানুষের কল্যাণে নিবেদিত এই মানুষটি মৃত্যুর পরও জ্ঞানের আলো ছড়িয়ে যাওয়ার পথ বেছে নিয়েছিলেন। তিনি ১৯৭৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে চারুকলা বিভাগ থেকে পাশ করেন। তিনি ছিলেন দেশ বরেণ্য চারুশিল্পী জয়নুল আবেদিনের ছাত্র। তাঁর মরদেহ ঢাকা মেডিকেলে দেয়ার প্রস্তুতি চলছে।

পারিবারিক ভাবে জানানো হয়েছে গোলাম মোস্তফার জানাজা অনুষ্ঠিত হবে। আজ সন্ধায় তাঁর নিজ গ্রামের সামাজিক কবরস্থানে। জানাজা শেষে মরদেহ নিয়ে যাওয়া হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে।

মেহেরপুরের সর্ব স্তরের মানুষ শ্রদ্ধা, ভালোবাসা ও গভীর কৃতজ্ঞতায় স্মরণ করছে এই মানুষটিকে।

দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টনের ইন্তেকাল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব, ত্যাগী ও পরিচ্ছন্ন রাজনীতিবিদ মাহফুজুর রহমান মিল্টন হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৪ বছর।

গতকাল শনিবার বিকাল ৩টার দিকে অসুস্থ হয়ে পড়লে প্রথমে তাঁকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার করেন। পরিবারের সদস্যরা অ্যাম্বুলেন্সযোগে কুষ্টিয়ায় নেওয়ার পথে তিনি

শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মাহফুজুর রহমান মিল্টন দামুড়হুদা উপজেলার পাটাচোরা গ্রামের মৃত শফিউদ্দীনের পুত্র। ১০ ভাই-বোনের মধ্যে তিনি ছিলেন চতুর্থ। ব্যক্তিজীবনে তিনি এক কন্যা সন্তানের জনক। তাঁর মেয়ের নাম নওশীন (৬)।

স্থানীয় সূত্রে জানা যায়, মাহফুজুর রহমান মিল্টন এলাকায় অত্যন্ত সুনামধন্য, ত্যাগী ও স্বচ্ছ ভাবমূর্তির নেতা হিসেবে পরিচিত ছিলেন। দলীয় কর্মকাণ্ড থেকে শুরু করে সাধারণ মানুষের পাশে দাঁড়ানো সব ক্ষেত্রেই তিনি ছিলেন সক্রিয় ও জনপ্রিয়। তাঁর অকাল মৃত্যুতে পরিবারসহ পুরো দামুড়হুদা উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মাঝে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

আজ রবিবার সকাল ৯টায় দামুড়হুদা স্টেডিয়াম মাঠে তাঁর প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। এরপর সকাল ১০টায় নিজ গ্রাম পাটাচোরায় দ্বিতীয় জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হবে।

এদিকে, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-দপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূইয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি আবদুল মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন (এমপি) গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

শোকবার্তায় নেতৃদ্বয় বলেন, “মাহফুজুর রহমান মিল্টন ছিলেন জাতীয়তাবাদী যুবদলের একজন নিবেদিতপ্রাণ সংগঠক। রাজপথের সকল আন্দোলন-সংগ্রামে তাঁর সাহসী ভূমিকা সর্বমহলে প্রশংসিত। তাঁর মতো ত্যাগী নেতার অভাব সহজে পূরণ হওয়ার নয়।”

নেতৃদ্বয় মরহুমের রূহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার, দলীয় নেতাকর্মী ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি গভীর সমবেদনা জানান।

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আব্দুল জলিল আর নেই

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আব্দুল জলিল ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি সদর উপজেলার আমঝুপি দক্ষিণ পাড়ার বাসিন্দা।

শনিবার সকাল ৮টার দিকে জাতীয় নিউরোসায়েন্স ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। সপ্তাহখানেক আগে তিনি ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হলে তাকে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে এবং পরে ঢাকার নিউরোসায়েন্স ইনস্টিটিউটে ভর্তি করা হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৭৩ বছর। তিনি স্ত্রী, দুই ছেলে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুম আব্দুল জলিল আমঝুপি এলাকায় শিক্ষাবিদ ও দানশীল হিসেবে পরিচিত ছিলেন। তিনি বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছেন।

শনিবার সন্ধ্যা ৭টায় আমঝুপি মাদ্রাসা সংলগ্ন করবস্থানের পাশে জানাযা শেষে দাফন করা হবে।

মেহেরপুরের বর্ষিয়ান রাজনীতিবিদ কমরেড জালাল উদ্দিন আর নেই

মেহেরপুরে বর্ষিয়ান রাজনীতিবিদ কমরেড জালাল উদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ রবিবার দুপুর ১২টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে

তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ইপিছিপি, পরে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি এবং সর্বশেষ কমিউনিস্ট পার্টি অব বাংলাদেশ (সিপিবি)সহ বিভিন্ন দলের জেলা পর্যায়ে নেতৃত্ব দিয়েছেন। তিনি তিন দফা সিপিবি মেহেরপুর জেলা কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন।

তাঁর মৃত্যুতে সিপিবি মেহেরপুর জেলা কমিটি গভীর শোক প্রকাশ করেছে এবং একে সংগঠনের জন্য অপূরণীয় ক্ষতি হিসেবে উল্লেখ করেছে।

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা রাহাজ উদ্দিনের ইন্তেকাল

বীর মুক্তিযুদ্ধা হাজী রাহাজ উদ্দিন ইন্তেকাল করেছেন। রাষ্ট্রীয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা বাবুপাড়া নিবাসী, একতা ক্লিনিকের স্বত্বাধিকারী, বীর মুক্তিযোদ্ধা হাজী রাহাজ উদ্দিন (৮০) গতকাল বৃহস্পতিবার, ভোর ৫টায় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গতকাল আলমডাঙ্গা দারুস ছালাম ঈদগাঁ মাঠে তাকে গার্ড অফ অনার প্রদান করা হয়েছে।

বীর মুক্তিযুদ্ধা হাজী রাহাজ উদ্দিন কুষ্টিয়া মীরপুর উপজেলার আম্বাড়িয়া ইউনিয়নের কুর্শা হাই স্কুলের সাবেক শিক্ষক ছিলেন। তিনি আলমডাঙ্গা থানাপাড়া নিবাসী মরহুম আক্কাস আলি (সাবেক ওসি আলমডাঙ্গা)-এর মেজ জামাতা ছিলেন। মরহুমের গ্রামের বাড়ি কুর্শা মিরপুর, কুষ্টিয়া। তিনি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেন। সম্প্রতি রোগে আক্রন্ত হলে কিছুদিন তার চিকিৎসা চলছিল। হটাৎ গতকাল অসুস্থ হয়ে পড়লে তাকে দ্রুত হাসপালে নেওয়ার চেষ্টা কালে ইন্তেকাল করেন।

গতকাল বাদ যোহর আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে রাষ্ট্রীয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়েছে। গার্ড অব অনারে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম, ওসি দতন্ত আফজাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা ডাঃ লিয়াকত আলী, বীর মুক্তিযোদ্ধা সমসের মল্লিক, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাষ্টার, বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

তারা বীর মুক্তিযোদ্ধা রাহাজ উদ্দিনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। মরহুমের জানাজা গার্ড অফ অনার শেষে গতকাল দুপুর ২টায় আলমডাঙ্গা দারুসসালাম কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিনের মায়ের ইন্তেকাল

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিন ধুমকেতুর মা জাহানার বেগম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:ম্বাস ত্যাগ করেন। তিনি গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের প্রয়াত শিক্ষক আকবর আলীর স্ত্রী। মৃত্যুকালে মরহুমার বয়স হয়েছিলো ৭৪ বছর। তিনি চার ছেলে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

ঝিনাইদহের সাংবাদিক আমিনুর রহমান টুকু আর নেই

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বার্তা সংস্থা ইউএনবির জেলা প্রতিনিধি মানবাধিকার কর্মী অধ্যক্ষ আমিনুর রহমান টুকু আর নেই। ঢাকার একটি বেসরকারি হাসপাতালে সোমবার (১ সেপ্টম্বর) সকাল সাড়ে নয়টার দিকে তিনি চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। তিনি স্ত্রী ও চার ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা গেছে, গত ২৪ আগস্ট তিনি ব্রেন স্ট্রোক করে গুরুতর অসুস্থ হয়ে পড়েন। তাকে দ্রুত ঢাকার আল-মানারা হাসপাতালে ভর্তি করে মস্তিস্কে জটিল অপারেশন করা হয়। অপারেশনের পর তিনি কোমায় চলে যান এবং চিকিৎসাধীন থাকার আট দিন পর ইন্তেকাল করেন।

এদিকে আমিনুর রহমান টুকুর মৃত্যুর খবর ঝিনাইদহে পৌঁছালে জেলার সাংবাদিক, রাজনৈতিক ও সুশীল সমাজের মাঝে শোকের ছায়া নেমে আসে। খবর পেয়ে সাংবাদিক, আত্মীয়স্বজন ও বন্ধু মহল ছুটে আসেন তার বাড়িতে। সাংবাদিক আমিনুর রহমানের মৃত্যুতে রাজনৈতিক নেতাদের মধ্যে শোক প্রকাশ করে বিবৃতি ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাশেদ খান, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা জামায়াতের আমীর আলী আজম মোঃ আবু বকর, সেক্রেটারি আব্দুল আউয়াল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আবু হুরায়রা, এনসিপির কেন্দ্রীয় নেতা তারেক রহমান, ঝিনাইদহ ফোরামের সভাপতি মহাব্বত হোসেন টিপু ও প্রমুখ। আমিনুর রহমান টুকুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, সাবেক সভাপতি এম রায়হান, সাইফুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক নিজাম জোয়ারদার বাবলু, মাহমুদ হাসান টিপু, আজাদ রহমান, ফয়সাল আহমেদ, দৈনিক নবচিত্র পত্রিকার প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম ও সম্পাদক অ্যাডভোকেট আলাউদ্দিন আজাদ প্রমূখ। সাংবাদিক নেতৃবৃন্দ এক বিবৃতিতে উল্লেখ করেন, আমিনুর রহমান টুকু ছিলেন জেলার সাংবাদিকদের অভিভাবক ও সমাজ সচেতন ব্যাক্তি। তার মৃত্যুতে জেলাবাসি একজন সুনাগরিককে হারালো।

চুয়াডাঙ্গা-১ আসনের সাবেক সংসদ সদস্যের ইন্তেকাল

চুয়াডাঙ্গা-১ আসনের সাবেক সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বর্ষীয়ান রাজনীতিবিদ বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন ইন্তেকাল করেছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাতটার দিকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।